

২০২২ সালের ফেব্রুয়ারি মাসের মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতি	:	জনাব মোঃ লোকমান হোসেন ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ	:	২২/০২/২০২২ খ্রি.
সময়	:	১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দৃষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা ও সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অদ্যকার সভা পরিচালনা করার জন্য অত্র কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ০১ঃ-

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আলোচনার শুরুতেই বলেন যে, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে, বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষার্থীদের মধ্যে তথ্য ও প্রযুক্তি বিষয়ক জ্ঞান বিকাশের জন্য শিক্ষকদের মধ্যে ডিজিটাল কনটেন্ট-এর মাধ্যমে পাঠদানের বিষয়ে দক্ষতা বৃদ্ধি করা প্রয়োজন। তাই কোনো বরাদ্দ পাওয়া গেলে শিক্ষকদের উপরোক্ত বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

আলোচনা ০২ঃ-

২নং আলোচনায় সভায় বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের স্ব-স্ব এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সঠিক তদারকি করার পরামর্শ প্রদান করেন এবং এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ লোকমান হোসেন)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।


ও

সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি

অবগতির জন্য প্রেরণ:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
২. উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।



(জীবন ভট্টাচার্য্য)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ব্রাহ্মণবাড়িয়া সদর।

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি।